বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
স্বাধীনতা ভবন
৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
প্রশাসন বিভাগ
(www.bffwt.gov.bd)

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.৪১.০০২.২২.৩৯৬০

তারিখ: ১৪ ভাদ্র ১৪২৯ / ২৯ আগস্ট ২০২২

## সভার নোটিশ

আগামী ৩১/০৮/২০২২ খ্রি: তারিখ বুধবার বেলা ১২.০০ ঘটিকায় ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর সভাপতিত্বে এ ট্রাস্টের সম্মেলন কক্ষে (৫ম তলা) অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে এক সভা অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় কমিটির সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**সভার আলোচ্যসুচি:**

(০১) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে অবহিতকরণ;

(০২) বিবিধ

29/8/22

(মোঃ ফয়েজ আহমেদ খান)
ব্যবস্থাপক (প্রশাসন)
ফোন: ২২৩৩৫০৭৬৪

বিতরণ:

০১। উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০২। উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০৩। ব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০৪। সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০৫। সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০৬। জনাব ........................................................................।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক (শিল্প ও বাণিজ্য/অর্থ/কল্যাণ)/সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
০২। ব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা (সভায় উপস্থিত কর্মকর্তা ও অংশীজনের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ করবেন)
০৩। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৪। সহকারী প্রোগ্রামার (আইসিটি), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা (এ ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড করার জন্য)
০৫। অফিস কপি/গার্ড ফাইল

**বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট**
**স্বাধীনতা ভবন**
**৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০**
**প্রশাসন বিভাগ**
(www.bffwt.gov.bd)

বিষয়ঃ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে স্টেকহোল্ডারগণের (Stakeholders) অবহিতকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এস এম মাহাবুবুর রহমান<br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| সভার তারিখ | : | ৩১/০৮/২০২২ খ্রিঃ |
| সভার সময় | : | বেলা ১২.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত ট্রাস্টের কর্মকর্তা, কর্মচারী ও অংশীজনদেরকে (Stakeholders) স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হলো সেবা সংক্রান্ত তথ্য নাগরিকের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি ও কর্মকর্তা কর্মচারীদের জবাবদিহি বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখে। সভাপতি আরও বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি এবং সেবা প্রদান পদ্ধতি, সেবার মূল্য ও সেবা প্রদানের সময়সীমা সম্পর্কে অংশীজনদেরকে (Stakeholders) অবহিত করেন। তিনি জানান বীর মুক্তিযোদ্ধাদের প্রাপ্য সেবাসমূহ আরও দ্রুত ও সহজ করার জন্য অনলাইনে ডাটাবেইজ ফরম পূরণ প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে। দ্রুততম সময়ের মধ্যে ডাটাবেইজ কার্যক্রম বাস্তবায়ন করার জন্য তিনি সবার সহযোগিতা কামনা করেন। এছাড়াও সেবা প্রত্যাশিদের দ্রুততম সময়ের মধ্যে অনলাইনে ভাতা প্রাপ্তির আবেদন করার জন্য ইতোমধ্যে সফটওয়্যার তৈরী করা হয়েছে। সফটওয়্যার প্রস্তুত হলে সেবা প্রতাশিগণ ঘরে বসেই আবেদন করতে পারবেন। অত:পর সভাপতি সহকারী প্রোগ্রামার (আইসিটি)-কে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সভার আলোচ্যসুচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করার অনুরোধ জানান।

০২। সহকারী প্রোগ্রামার (আইসিটি) বলেন, বীর মুক্তিযোদ্ধাদের সেবা দোর গোড়ায় পৌঁছে দেয়ার জন্য একটি ডাটাবেজ ম্যানেজমেন্ট সফটওয়্যার (TMIS) প্রস্তুত তৈরী হয়েছে। উক্ত সফটওয়্যারের মাধ্যমে সেবা গ্রহীতাগণ তাদের স্ব-স্ব ডাটা আপলোড করেছেন। ইতোমধ্যে প্রায় ১০ (দশ হাজার) সেবা গ্রহীতার ডাটা এন্ট্রি আপলোড করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশনায় সেবা প্রদান কার্যক্রম আরও ত্বরান্বিত করার জন্য একটি হটলাইন সেবা (১৬১৭১) চালু করা করা হয়েছে। সেবাটি চালু হওয়ায় অতি সহজে সেবা প্রত্যাশীগণ ঘরে বসেই যে কোনো সেবার প্রাপ্তির বিষয়টি নিশ্চিতসহ বিভিন্ন অভিযোগ করতে পারছেন।

০৩। যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আনোয়ার হোসেন পাহাড়ী, বীর প্রতীক বলেন, ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী বীর সেনানী যুদ্ধাহত মুক্তিযোদ্ধাগণ অনেকেই বয়োবৃদ্ধ। গ্রাম-গঞ্জ থেকে রাষ্ট্রীয় সম্মানি ভাতা, চিকিৎসা বিল, রেশন ইত্যাদির জন্য ঢাকায় যোগাযোগ করা তাদের জন্য খুবই কষ্টসাধ্য ব্যাপার। তাঁদের প্রাপ্য সেবাসমূহ যাতে দোরগোড়ায় পৌঁছানো যায় সে বিষয়ে বিভিন্ন নতুন নতুন কৌশল উদ্ভাবনসহ আরও যত্নবান হওয়ার জন্য ট্রাস্টের কর্মকর্তাদের প্রতি অনুরোধ জানান। তিনি রাষ্ট্রীয় সম্মানি ভাতা ও চিকিৎসা বিল যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের স্ব-স্ব ব্যাংক হিসাবে প্রেরণ করার ফলে ভাতা উত্তোলন সংক্রান্ত কষ্ট অনেকটা লাঘব হওয়ায় তিনি ট্রাস্ট কর্তৃপক্ষকে সকল ভাতাভোগীদের পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করেন।

চলমান পাতা-০২

০৪। জনাব মোঃ বাহার উদ্দিন রেজা, বীর প্রতীক বলেন, এ ধরণের সভা আয়োজন করায় ব্যবস্থাপনা পরিচালকসহ ট্রাস্টের অনান্য কর্মকর্তাদের ধন্যবাদ জানান। তিনি বলেন এখন বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট থেকে বর্তমানে রাষ্ট্রীয় সম্মানি ভাতাপ্রাপ্ত সকল বীর মুক্তিযোদ্ধা/পরিবারবর্গকে আগের চেয়ে উন্নতমানের সেবা প্রদান করা হচ্ছে।

০৫। অত:পর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

<u>সিদ্ধান্তঃ</u>

(০১) কর্মবন্টন অনুযায়ী কর্মকর্তাদের নাম, পদবি, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা নিয়মিত হালনাগাদ/ পরিবর্তন করে তথ্য বাতায়নে আপলোড করতে হবে এবং সে মোতাবেক সেবা প্রদান করতে হবে;

(০২) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এ ট্রাস্টের সহজে দৃশ্যমান স্থানে টাঙিয়ে রাখতে হবে;

(০৩) যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাগণের প্রাপ্য সেবাসমূহ আরও দ্রুত ও সহজে তাঁদের দোরগোড়ায় পৌঁছে দেয়ার বিষয়ে চেষ্টা অব্যাহত রাখতে হবে।

(০৪) প্রস্তুতকৃত সফটওয়্যারে সেবা গ্রহীতাদের স্ব-স্ব ডাটা দ্রুত এন্ট্রি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

০৬। সভাপতি পরিশেষে নাগরিকের প্রয়োজন ও চাহিদা বিবেচনা করে সরকারি সেবা প্রদান প্রক্রিয়ার উন্নয়ন বা সহজিকরণই উদ্ভাবনের প্রাথমিক উদ্দেশ্য। বীর মুক্তিযোদ্ধাদের সেবা প্রদান যাতে কোনোভাবেই ব্যাহত না হয় সে বিষয়ে আমাদের সচেষ্ট থাকতে হবে এবং এ সেবা প্রদান প্রক্রিয়া যাতে আরও সহজতর করা যায় সে বিষয়ে নতুন নতুন আইডিয়া উদ্ভাবন করতে হবে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এস এম মাহাবুবুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ২২৩৩৮১৮১৩
md@bffwt.gov.bd

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.৪১.০০২.২২. ১১৪৫

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৯ ব:
১১ সেপ্টেম্বর ২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(০১) উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
(০২) উপ-ব্যবস্থাপক (কল্যাণ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
(০৩) ব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
(০৪) উপ-ব্যবস্থাপক (শিল্প ও বাণিজ্য), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
(০৫) সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল), প্রকৌশল শাখা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
(০৬) সহকারী প্রোগ্রার (আইসিটি) ও বিকল্প ফোকাল পয়েন্ট, এনআইএস, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (এ ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
(০৭) জনাব .................................................................................................

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১। উপসচিব (সনদ) ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সিটিজেন চার্টার), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০২। পরিচালক (শিল্প ও বাণিজ্য/অর্থ/কল্যাণ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
০৩। সচিব (উপসচিব), ফোকাল পয়েন্ট, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
০৪। ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৫। অফিস কপি/গার্ড ফাইল।

11/9/22

(মোঃ ফয়েজ আহম্মেদ খান)
ব্যবস্থাপক (প্রশাসন)